



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)  
বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য- ৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭  
ই-মেইল [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) ওয়েব: [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৮৮/১৯-৪০২০

তারিখ: ২১/১০/২০১৯

বিষয়: প্রতিবন্ধী ছেলেকে মারধর, বিচার চাওয়ায় বাবাকে পিটিয়ে হত্যা সংক্রান্ত অভিযোগের তদন্ত।

১৯ অক্টোবর ২০১৯ বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় “প্রতিবন্ধী ছেলেকে মারধর, বিচার চাওয়ায় বাবাকে পিটিয়ে হত্যা” শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকর্ষিত হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, হিংসাগ্রস্ত মানসিক প্রতিবন্ধী ছেলেকে মারধরের নালিশ দিতে গিয়ে প্রতিপক্ষের পিটুনিতে মতি মিয়া (৫৫) নামে এক কৃষক নিহত হয়েছেন। নিহত মতি মিয়া সদর উপজেলার কালনী গ্রামের শুকুর আলীর ছেলে। নিহতের পারিবারিক সূত্র জানায়, বৃহস্পতিবার সন্ধ্যার দিকে মতি মিয়ার ছেলে মানসিক প্রতিবন্ধী রূপে মিয়াকে গ্রামের ফুল মিয়ার ছেলে মারধর করে। রাত ৮টার দিকে মতি মিয়া নালিশ নিয়ে ফুল মিয়ার কাছে যান। এ সময় রাস্তায় পেয়ে ফুল মিয়াকে ছেলেকে মারার বিষয়ে জিজ্ঞেস করেন। এক পর্যায়ে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। পরে হাতাহাতির ঘটনা ঘটে। এ সময় ফুল মিয়ার পক্ষে তার স্বজনরাও মতি মিয়াকে মারধর করেন। এতে মতি মিয়া মাটিতে পড়ে যান। খবর পেয়ে স্বজনরা এসে মতি মিয়াকে উদ্ধার করে সদর আধুনিক হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহতের চাচাতো ভাই ফরিদ মিয়া জানান, প্রতিবন্ধী ছেলেকে মারধর করার বিচার দিতে গিয়ে প্রতিপক্ষের লোকজন তাকে বেধড়ক মারধর করে হত্যা করেছে। সদর মডেল থানার ওসি মো. মাসুক আলী জানান, তুচ্ছ বিষয় নিয়ে দু'জনের মধ্যে ধাক্কাখাকি হয়েছে। এতে মতি মিয়া অসুস্থ হয়ে পড়েন। তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তবে এখনো কোনো অভিযোগ পাওয়া যায়নি।

০২। এ বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আগামী ২১/১১/২০১৯ তারিখের মধ্যে কমিশনকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০১ পাতা।

সিনিয়র সচিব  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২/২০/৭৮২ -  
(আল-মাহমুদ ফায়জুল কবীর)  
পরিচালক (অভিযোগ ও তদন্ত)  
(জেলা ও দায়রা জজ)  
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)